# শ্রান্তি বিনোদন ও অন্যান্য ভাতা

Government of the peoples Republic of Bangladesh
Ministry of Finance
Regulation Wing
Section-1
Notification

No.61-L/79-MF/R-II/L-1/78-71 Date-17-03-1979.

(As amended vide Notification No.S.R.O-250-L/81-MF/R-II/L-6/79(pt-1)-162 Dated-06-08-81.)

In exercise of the powers conferred by the proviso to articale -133 of the constitution of the peoples Republic of Bangladesh and it supersassion of all other rules,order and notifications made or issued in this behalf,the president is pleased to make the following rules,namely :-

'The Bangladesh Service (Recreation Allowance) Rules,1979.'

1. (1) These rules may be called

**'The Bangladesh Service (Recreation Allowance) Rules,1979.'**

(2) They shall come in to force on the 1st day of the July,1979.

2.(a) 'Government' means The Government of the peoples Republic of Bangladesh,

(b)-------------------------------.

(c) 'Pay'means the pay admissible to a Government servant under the services (Grades,Pay and Allowances) Order,1977;

(d)-------------------------------.

(e) 'Service' means the continuous Government service rendered under the Government by a Government servant to whose these rules apply,

3. These rules shall apply to all Government servants other than those employed in work-charged established met or paid from the contingency fund or appointed on contract,

4.-----------------------------------.

5. The recreation allowances shall be granted in addition to the leave salary as admissible under the rule,

6. A Government servant who cannot be granted leave in the exigencies of public service cannot these by avail of the recreation allowance at the time he applied for on leave, he shall be granted such allowance when he goes on leave, but in his case the next payment of the recreation allowance shall be due after an interval of three years from the date on which he had applied for the leave,

7.-----------------------------------.

(Md.Sayeedur Rahman)
Deputy Secretary.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,অর্থবিভাগ
প্রবিধান উইং,শাখা-২।

নং ঃ অর্থঃমঃ/প্রবি-২/এল-১/(অংশ-১)/৭৮-৩১ তারিখ ঃ ৩০-০৭-১৯৭৯ ইং।

স্মারকলিপি

সম্প্রতি এই মর্মে সংশয় দেখা গিয়াছে যে,১৭-০৩-৭৯ ইং তারিখের S.R.O.No.61-L/79-MF/R-II/ L-1/78-71 নং বিজ্ঞপ্তিতে বর্নিত বিনোদন ভাতা মঞ্জুরীর ক্ষেত্রে জেষ্ঠ্যতা কি পদ্ধতিতে নির্ধারিত হইবে ? বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করতঃ সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহন করিয়াছেন যে,বর্নিত বিনোদন ভাতা মঞ্জুরীর বিষয়ে সরকারী কর্মচারীর জেষ্ঠ্যতা সরকারী চাকুরীতে তাহার যোগদানের তারিখ থেকে নির্ধারিত হইবে। তবে,যে সমস্ত কর্মচারীর অবসর প্রস্তুতি ছুটি/চাকুরী থেকে অবসর গ্রহন নিকটবর্তী তাঁহাদেরকে বিনোদন ভাতা মঞ্জুরীর ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করিতে হইবে।

(মোঃ সাইদুর রহমান)
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,অর্থবিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-২।

নং ঃ অম/অবি/(প্রবি-২)/ছুটি-৬/৮৬/২৮ তারিখ ঃ ২০-০৩-১৯৮৯ ইং।

অফিস স্মারক

বিষয় ঃ **শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদান সংক্রান্ত।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছেন যে,অত্র বিভাগ কর্তৃক জারীকৃত ১৭-০৩-৭৯ইং তারিখের এস,আর,ও নং-৬১-এল/৭৯ এম,এফ (আর- ৩৩/এল-১/৭৮/৭১ বিজ্ঞপ্তিতে বর্নিত শ্রান্তি ও বিনোদন ভাতার প্রাপ্যতার ভিত্তি হিসাবে নিম্নলিখিত চার ধরনের তথ্য বিবেচনা করা হয় বলিয়া সরকারের গোচরীভূত হয়েছে ঃ-

(১) চাকুরীতে নিয়োগের তারিখ,
(২) বিগত শ্রান্তি ও বিনোদন ছুটি শুরুর তারিখ,
(৩) ছুটি শেষ হওয়ার পরের দিনের তারিখ,
(৪) আবেদন পত্রের তারিখ।

এই চার ধরনের গণনার দরুণ সম্ভাব্য বিভ্রান্তি দূরীকরণার্থে নিম্নবর্নিত স্পষ্টীকরণ প্রদান করা হইল ঃ

(ক) ছুটি প্রাপ্যতা সাপেক্ষ্যে আবেদনকারীর আবেদনের তারিখ হইতে পরবর্তী তিন বৎসর হিসাব করিতে হইবে।

(খ) কোন কর্মচারী যে মাসে ছুটিতে যাইবেন সেই মাসে যে মূল বেতন পাইবেন উহাই তাহার চিত্ত বিনোদন ছুটির বিধি সম্মত একমাসের বেতন বলিয়া গণ্য হইবে।

(মোঃ সিরাজুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,অর্থবিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১।

নং ঃ অম/অবি/(বাস্ত-১)/ভাতা-১৬/৯৫/১৭৬ তারিখ ঃ ১২-০৭-১৯৯৯ ইং।

অফিস-স্মারক

বিষয় ঃ **সরকারী কর্মকর্তাদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে,‘The Bangladesh Service (Recreation Allowance) Rules,1979 অনুযায়ী সকল সরকারী কর্মকর্তা ও কর্মচারী প্রতি তিন বছর অন্তর ছুটি পাওনা সাপেক্ষে ন্যূনতম ১৫ দিনের অর্জিত ছুটি সহ এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসাবে প্রাপ্য হন। কিন্তু অর্থ বিভাগের অফিস স্মারক নং-অম/অবি (বাস্ত-৪)এফবি-১২/৮৬/২৯ তারিখ ঃ ০৩-০৭-১৯৮৮ ইং মূলে গেজেটেড কোন কর্মকর্তা যে অর্থ বছরে চিত্ত বিনোদন ভাতা গ্রহন করিবেন,সেই অর্থ বছরে উৎসব ভাতা প্রাপ্য হইবেন না মর্মে শর্ত আরোপ করায় এবং বাস্তবে প্রতি অর্থ বছরে উৎসব ভাতার পরিমান দুই মাসের মূল বেতনের সমান এবং চিত্ত বিনোদন ভাতার পরিমান এক মাসের মূল বেতনের সমান হওয়ায় কোন কর্মকর্তাই সংগত কারণে চিত্ত বিনোদন ভাতা গ্রহন করেন না।

২। কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য শ্রান্তি বিনোদনের অপরিহার্য্যতা বিবেচনা করিয়া উৎসব ভাতা গ্রহন স্বত্তেও সকল কর্মকর্তার প্রাপ্যতা অনুযায়ী শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা গ্রহন নিশ্চিত করার লক্ষ্যে সরকার বিষয়টি পর্যালোচনা পূর্বক অর্থ বিভাগের অফিস স্মারক নং-অম/অবি (বাস্ত-৪)এফবি-১২/৮৬/২৯ তারিখ ঃ ০৩-০৭ ১৯৮৮ ইং এর প্রথম অনুচ্ছেদের শেষাংশে বর্নিত “তবে ঘোষিত (গেজেটেড) কোন কর্মকর্তা যে আর্থিক বৎসরে চিত্ত বিনোদন ভাতা গ্রহন করিবেন,ঐ অর্থ বৎসরে তিনি কোন উৎসব ভাতা প্রাপ্য হইবেন না”শর্তটি এতদ্বারা বাতিল করার সিদ্ধান্ত গ্রহন করিয়াছেন।

৩। এই সিদ্ধান্ত ০১-০৭-১৯৯৯ ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(মোঃ শামসুজ্জোহা)
যুগ্ম-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,অর্থবিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ শাখা।

নং ঃ অম/অবি/প্রবিধি-৩/ছুটি-১/২০০২/১০২ তারিখ ঃ ২৯-১২-২০০৫ খ্রিঃ।

বিষয় ঃ শ্রান্তি বিনোদন ভাতা ও ছুটি মঞ্জুরী প্রসংগে।

সূত্র ঃ সম (উনি-১)-প/১৫০৯-৩২৯ তারিখ ঃ ০৩-০৯-২০০৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে,এফ,আর এন্ড এস,আর,বিধি-৮৬ অনুযায়ী যেদিন সরকারী চাকুরে অবসর গ্রহন করবেন সেদিন তার সকল ছুটি তামাদি হয়ে যায়। ফলে এলপিআর ছাড়া আর কোন ছুটি ভোগের সুযোগ থাকে না। তাছাড়া বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হল যুগপৎভাবে শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরী ও ছুটি গ্রহন,ভূতাপেক্ষভাবে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরী ও ভাতা প্রদানের সুযোগ নাই। এ ক্ষেত্রে যুগপৎভাবে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরী ও ছুটি গ্রহনের কোন সুযোগ নেই বিধায় প্রাক্তন ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আব্দুর রহিম ১৫-০৮-২০০৪ তারিখের আবেদনকৃত শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্য হবেন না।

(তপন কান্তি মজুমদার)
সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান হিসাব রক্ষন কর্মকর্তার কার্যালয়
শিক্ষা,সংস্কৃতি,যুব ও ক্রিড়া মন্ত্রণালয়
৪৫,পুরানা পল্টন,ঢাকা।

স্বারক নং-সিএও/শিক্ষা/জিপি-১/৯৪/৫৫২ তারিখ ঃ ২৭-১০-১৯৯৭ ইং।

বরাবর,
আঞ্চলিক হিসাব রক্ষন কর্মকর্তা,টাংগাইল।

বিষয় ঃ অবকাশ বিভাগের অবসরভোগী কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর ও ভাতা পরিশোধ এবং অবসর প্রস্তুতি মূলক ছুটি ভোগরত কর্মকর্তা/কর্মচারীদের লাম্প গ্র্যান্ট পরিশোধ ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত প্রদান।

সূত্র ঃ আঃহিঃ/টাং/সিদ্ধান্ত/১৫০/৯২১ তারিখ ঃ ০২-০৭-৯৭ ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষন পূর্বক জানানো যাইতেছে যে,অবকাশ বিভাগের অবকাশ ভোগী কর্মকর্তা/কর্মচারীদের লাম্প গ্র্যান্ট (অবসরজনিত) পরিশোধের ক্ষেত্রে প্রাপ্যতা সাপেক্ষে অর্ধ গড় বেতনের ছুটিকে দ্বিগুন গননা করতঃ গড় বেতনে রূপান্তর করতঃ সর্বোচ্চ ০১ (এক) মাসের লাম্প গ্র্যান্ট পরিশোধ করা যাইতে পারে। তবে উল্লেখ থাকে যে,অবসর প্রস্তুতি মূলক ছুটির ক্ষেত্রে অর্ধ গড় বেতনের ছুটিকে গড় বেতনে রূপান্তও করা যাইবে না।

অবকাশভোগী কর্মচারীদের গড় বেতনে এক মাসের মূল বেতন সহ পনের দিন শ্রান্তি বিনোদন ছুটি অবকাশ যাপনের সময় মঞ্জুর করা হইলে উহা ছুটির হিসাবে ডেবিট হইবে না। তবে উক্ত সময়ে কোন ছুটি অর্জিত হইবে না।

অবকাশভোগী কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি রমজানের অবকাশ ব্যাতিত অন্য সময় মঞ্জুর করা যাইবে না। কারণ অবকাশ বিভাগের কর্মচারীগন গড় বেতনে ছুটি অর্জন করেন না। সিএও মহোদয়ের অনুমোদনক্রমে।

(মোঃ খায়রুল আলম)
উপ-প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,অর্থবিভাগ
উন্নয়ন অনুবিভাগ।

নং ঃ অম/অবি/উ-১/বিবিধ-৫২/৯৬/৩৫ তারিখ ঃ ২৭-০৩-২০০১ খ্রিঃ।

বিষয় ঃ উন্নয়ন প্রকল্পে কর্মরত জনবলের শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্যতা প্রসংগে।

উন্নয়ন প্রকল্প সমূহ সরকারী হলেও (স্কেল/সাকুল্য বেতনে নিয়োগ) অস্থায়ী ও মেয়াদ ভিত্তিক বিধায় উন্নয়ন প্রকল্পের চাকুরী চুক্তিভিত্তিক বলে গণ্য করা হয়। এ কারণে উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ (স্কেল/সাকুল্য বেতনে নিয়োগ) শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্য হবে না।

সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হল।

(মোঃ আব্দুল হালিম)
সিনিয়র সহকারী সচিব (উঃ-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-২ শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

নং ঃ যুক্রীম/যুব-২/বিবিধ-৫(শ্রান্তিবিনোদন)/২০০১-১২৯ তারিখ ঃ ১১-০৪-২০০১ খ্রিঃ।

বিষয় ঃ উন্নয়ন প্রকল্পে কর্মরত জনবলের শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্যতা প্রসংগে।

উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয় হতে ২৭-০৩-২০০১ তারিখের অম/অবি/উ-১/বিবিধ-৫২/৯৬/৩৫ সংখ্যক এর অনুলিপি এতদসংগে প্রেরন করা হল। যুব উন্নয়ন অধিদপ্তরের ২২-০২-২০০০ তারিখের যুউঅ/--------/১৮৮৩ ও ১৪-০৩-২০০১ তারিখের যুউঅ/প্রশা/প্রকল্প/শ্রান্তি-২৩/২০০০/১৯৯১ সংখ্যক পত্রমূলে প্রেরিত শ্রান্তি বিনোদন ছুটি অর্থ মন্ত্রণালযের উপরোক্ত স্মারকমতে বিবেচনা করার কোন অবকাশ নেই।

এমতাবস্থায় অর্থ মন্ত্রণালয়ের উক্ত স্মারকমতে বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোহাম্মদ শফিকুল করিম)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,অর্থবিভাগ
স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অনুবিভাগ
শাখা-৭।

নং ঃ অম/অবি/স্বাশাপ্র/শা-৭/৫৩০/৮৭ তারিখ ঃ ২৩-০৯-১৯৯২ ইং।

বিষয় ঃ ক্যাডেট কলেজের কর্মচারীদের সরকারী কর্মচারীদের মত বিনোদন ছুটি ও ভাতা সংক্রান্ত।

সূত্র ঃ (১) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৭-০৭-৯১ ইং তারিখের সিসি-৩৯/৮৯/ডি-৪/৫৯ নং পত্র।
(২) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১০-০২-৯২ ইং তারিখের সিসি-৩৯/৮৯/ডি-৪/১৭ নং পত্র।

নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানাচ্ছে যে,শ্রান্তি ও বিনোদন ভাতার সুবিধা শুধুমাত্র সরকারী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রদান করা হয়েছে। স্বাশাসিত সংস্থার ক্ষেত্রে উপরোক্ত সুবিধা প্রদান করা হয়নি। ক্যাডেট কলেজ স্বাশাসিত/বিধিবদ্ধ প্রতিষ্ঠান বিধায় উক্ত কলেজের কর্মকর্তা/কর্মচারীগনকে শ্রান্তি ও চিত্ত বিনোদন সুবিধা প্রদান করা হলে,অন্যান্য স্ব-শাসিত প্রতিষ্ঠান থেকে অনুরূপ দাবী আসবে। এ প্রেক্ষিতে প্রস্তাবটি গ্রহন করার অবকাশ রয়েছে বলে মনে হয় না।

(মোঃ ইব্রাহিম খলিল)
সিনিয়র সহকারী সচিব।

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ক্যাডেট কলেজ পরিষদ,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ জনাব সারোয়ার মাহমুদ,সহকারী সচিব।)